



অপ্রতিম হত্যা মামলার বিচার দ্রুত শেষ হবে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

কুমিল্লায় কিশোর ইশায়াত শাহরিয়ার অপ্রতিম হত্যাকাণ্ডের বিচার দ্রুততম সময়ের মধ্যে শেষ হবে বলে আশা প্রকাশ করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। তিনি বলেন, রামিসা হত্যাকাণ্ডের বিচার যেভাবে দ্রুত শেষ হয়েছিল, অপ্রতিমের ক্ষেত্রেও একইভাবে বিচার প্রক্রিয়া এগিয়ে নেওয়া হবে। এ ঘটনায় পুলিশ সব ধরনের সহযোগিতা করবে বলেও জানান তিনি।

রোববার (২০ সেপ্টেম্বর) সচিবালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী।

অপ্রতিম হত্যাকাণ্ডে পুলিশের ভূমিকার প্রশংসা করে সালাউদ্দিন আহমেদ বলেন, কুমিল্লার এই ঘটনায় পুরো দেশের মানুষ মর্মান্বিত। ঘটনার ২৪ ঘণ্টার মধ্যেই অপ্রতিমের মরদেহ উদ্ধার করা হয়েছে। এরপর ১২ ঘণ্টার মধ্যে সন্দেহভাজন চারজনকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার ব্যক্তির ঘটনার সঙ্গে নিজেদের সম্পৃক্ততার কথা স্বীকার করেছে বলেও জানান তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, গ্রেপ্তার ব্যক্তির অনেকটা কিশোর অপরাধীর মতো এবং ভিকটিমের সঙ্গে তাদের নিয়মিত ওঠাবসা ছিল। হত্যাকাণ্ডের সঙ্গে সংশ্লিষ্ট সব আলামতও পাওয়া গেছে বলে জানান তিনি। এ কারণে পুলিশের কাজের প্রশংসা করা যায় বলেও মন্তব্য করেন মন্ত্রী।

তিনি বলেন, রামিসা হত্যাকাণ্ডের মতো অপ্রতিম হত্যা মামলার বিচার প্রক্রিয়াও আদালত দ্রুত শেষ করবেন বলে আশা করা হচ্ছে।

অপরাধের পেছনে বিভিন্ন কারণ কাজ করে উল্লেখ করে সালাউদ্দিন আহমেদ বলেন, মাদকসহ নানা বিষয় অনেক সময় অপরাধের সঙ্গে যুক্ত থাকে। এসব ঠেকাতে স্কুল পর্যায় থেকেই সচেতনতা তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। এর অংশ হিসেবে সাংস্কৃতিক ও ক্রীড়া কার্যক্রমসহ বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি শুরু করা হয়েছে।

সমাজে দীর্ঘদিন ধরে পচন ধরেছে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মানুষকে সচেতন করার জন্য আরও উদ্যোগ নিতে হবে। গুরুতর অপরাধের ঘটনায় বিচার ও আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে বলেও জানান তিনি।